

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৬৭

আগরতলা, ০৬ ডিসেম্বর, ২০২৩

রাজভবনে ড. বি আর আশ্বেদকরের তিরোধান দিবস পালন
ড. বি আর আশ্বেদকর বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন : রাজ্যপাল



রাজভবনে আজ সকালে এক অনুষ্ঠানে ড. বি আর আশ্বেদকরের তিরোধান দিবস পালন করা হয়। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু ড. বি আর আশ্বেদকরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। তাছাড়াও রাজ্যপালের সচিব ইউ কে চাকমা ও অন্যান্য আধিকারিকগণও ড. বি আর আশ্বেদকরের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আশ্বেদকরের জীবনের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, ড. আশ্বেদকর হচ্ছেন ভারতের সংবিধানের জনক। ড. বি আর আশ্বেদকর পিছিয়েপড়া অংশের মানুষের জন্য কাজ করে গেছেন। তিনি বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন। দেশের প্রথম আইন মন্ত্রী হিসেবেও ড. আশ্বেদকর গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। অনুষ্ঠানে রাজভবনের অন্যান্য আধিকারিক ও কর্মীগণ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়।
